গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম
www.rajarhat.kurigram.gov.bd

"শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫" উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি	:	মোঃ আল ইমরান উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
তারিখ	:	১৩ ফেব্রুয়ারি ২০২৫খ্রিস্টাব্দ।
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, রাজারহাট, কুড়িগ্রাম।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক।

সভাপতি ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে ০৭ জানুয়ারি, ২০২৫ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকায় অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এবং ১১ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। সভাপতি বলেন ইউনেস্কো কর্তৃক গত ১৭ নভেম্বর ১৯৯৯ তারিখে প্যারিস অধিবেশনে অমর একুশে ফেব্রুয়ারিকে "আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" হিসেবে স্বীকৃতি দেওয়ায় দিবসটির তাৎপর্য বহুগুণ বৃদ্ধি পেয়েছে। রাজারহাট উপজেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত তিনি সকলকে মতামত দেওয়ার জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সর্বসম্মতিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

কর্মসূচি-১

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
০৭ ফাল্গুন ১৪৩১ ২০ ফেব্রুয়ারি ২০২৫	বিকাল ৪.০০ টা থেকে	শহরের গুরুত্বপূর্ণ সড়ক ও কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণ বর্ণমালা সম্বলিত ফেস্টুন দ্বারা সজ্জিতকরণ	শহরের গুরুত্বপূর্ণ সড়ক ও কেন্দ্রীয় শহিদ মিনার, উপজেলা পরিষদ, রাজারহাট	সংশ্লিষ্ট উপ-কমিটি
		কেন্দ্রীয় শহিদ মিনার পরিচর্যা ও প্রস্তুতকরণ	কেন্দ্রীয় শহিদ মিনার, উপজেলা পরিষদ, রাজারহাট	
	সুবিধামত সময়ে	দিবসের সাথে সংগতিপূর্ণ চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, আবৃত্তি অনুষ্ঠান, সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতা	উপজেলা পরিষদ সভাকক্ষ, রাজারহাট	সংশ্লিষ্ট উপ-কমিটি

কর্মসূচি-২

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
০৮ ফাল্গুন ১৪৩১ ২১ ফেব্রুয়ারি ২০২৫	দিবসের প্রথম প্রহর রাত ১২.০১ মিনিটে	পুষ্পস্তবক অর্পণ ও দোয়া (পুষ্পস্তবক অর্পণের সময় 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' রেকর্ডকৃত গানটি পরিবেশন)	কেন্দ্রীয় শহিদ মিনার, উপজেলা পরিষদ, রাজারহাট	সংশ্লিষ্ট উপ-কমিটি
		কেন্দ্রীয় শহিদ মিনার পরিচর্যা ও প্রস্তুতকরণ	কেন্দ্রীয় শহিদ মিনার, উপজেলা পরিষদ, রাজারহাট	
	সূর্যোদয়ের সাথে সাথে	উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে।	উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনসমূহ	স্ব-স্ব অফিস/প্রতিষ্ঠান /ভবন কর্তৃপক্ষ স্ব স্ব উদ্যোগে
	বেলা ১০.০০ ঘটিকা	আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান	উপজেলা পরিষদ সভাকক্ষ, রাজারহাট	সংশ্লিষ্ট উপ-কমিটি
	বাদ যোহর/সুবিধা মত সময়	সকল মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে ভাষা শহিদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনা	স্ব স্ব মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য উপাসনালয়	সংশ্লিষ্ট উপ-কমিটি

চলমান পাতা

উপর্যুক্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত উপ-কমিটিসমূহ গঠন করা হলো।

কেন্দ্রীয় শহিদ মিনার ব্যবস্থাপনা ও পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম	সভাপতি
২	উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	প্রশাসক/চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	ব্যবস্থাপক, সকল ব্যাংক পিএলসি, রাজার শাখা, কুড়িগ্রাম	সদস্য
৬	সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৭	সাবেক ডেপুটি কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৮	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), রাজারহাট উপজেলা শাখা, কুড়িগ্রাম	সদস্য
৯	আমীর/সেক্রেটারী, জামায়াতে ইসলামী বাংলাদেশ, রাজারহাট উপজেলা শাখা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১০	সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় নাগরিক কমিটি, রাজারহাট উপজেলা শাখা, কুড়িগ্রাম	সদস্য
১১	সমন্বয়ক, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১২	সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৩	সভাপতি/সাধারণ সম্পাদক, রাজারহাট বণিক সমিতি, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৪	সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব রাজারহাট, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৫	সভাপতি/সাধারণ সম্পাদক, রাজারহাট প্রেসক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৬	সভাপতি/সাধারণ সম্পাদক, রাজারহাট মডেল প্রেসক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৭	সভাপতি/সাধারণ সম্পাদক, রিপোর্টার্স ক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৮	সভাপতি/সাধারণ সম্পাদক, রাজারহাট উপজেলা প্রেসক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৯	সভাপতি/সাধারণ সম্পাদক, মফস্বল সাংবাদিক ফোরাম, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
২০	এনজিও (সকল), রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
২১	সভায় উপস্থিত সদস্যবৃন্দ	সদস্য

পুষ্পস্তবক অর্পণ ধারা ভাষ্যকার এবং দোয়া ও মোনাজাত আয়োজন উপ-কমিটি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	আহ্বায়ক
২	উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা একাডেমিক সুপারভাইজার, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৬	পেশ ইমাম, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

আইন শৃঙ্খলা রক্ষা উপ-কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	অফিসার ইনচার্জ, রাজারহাট থানা,রাজারহাট কুড়িগ্রাম	আহ্বায়ক
২	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	স্টেশন ইনচার্জ, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	সকল শিক্ষা প্রতিষ্ঠানের বয়স্কাউট, গালর্স গাইড, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

জাতীয় পতাকা উত্তোলন ও নামানো তদারকি উপ-কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	অফিসার ইনচার্জ, রাজারহাট থানা, রাজারহাট, কুড়িগ্রাম	আহ্বায়ক
২	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	স্টেশন ইনচার্জ, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	প্রশাসক/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	সভাপতি, রাজারহাট উপজেলা সদর বণিক সমিতি, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

আলোচনা সভা ও পুরস্কার বিতরণ উপ-কমিটি:
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	আহ্বায়ক
২	উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৬	উপজেলা সমবায় কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৭	উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৮	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৯	অধ্যক্ষ, সরকারি মীর ইসমাইল হোসেন কলেজ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১০	অধ্যক্ষ, রাজারহাট ফাজিল মাদরাসা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১১	প্রধান শিক্ষক, রাজারহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১২	প্রধান শিক্ষক, রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৩	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), রাজারহাট উপজেলা শাখা, কুড়িগ্রাম	সদস্য
১৪	আমীর/সেক্রেটারী, জামায়াতে ইসলামী বাংলাদেশ, রাজারহাট উপজেলা শাখা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৫	সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় নাগরিক কমিটি, রাজারহাট উপজেলা শাখা, কুড়িগ্রাম	সদস্য
১৬	সমন্বয়ক, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৭	সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব (সকল), রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

প্রচার উপ-কমিটি:
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম	আহ্বায়ক
২	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব (সকল), রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	সম্পাদক, দৈনিক/সাপ্তাহিক স্থানীয় পত্রিকাসমূহ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি:
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	আহ্বায়ক
২	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	প্রশাসক/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	জেন্ডার প্রমোটার, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৬	সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৭	জনাব নাজমুল হুদা, প্রশিক্ষক, উপজেলা শিল্পকলা একাডেমি, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

চিত্রাঙ্কন ও ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতা আয়োজন উপ-কমিটি:
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	আহ্বায়ক
২	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	প্রধান শিক্ষক, রাজারহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৬	জনাব সনাতন রায়, প্রশিক্ষক (চারুকারু), উপজেলা শিল্পকলা একাডেমি, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

চিত্রাঙ্কন ও ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতার বিচারকমন্ডলী:
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১	উপজেলা কৃষি অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম	আহ্বায়ক
২	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

বিবিধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গৃহিত কর্মসূচিসমূহে গঠিত কমিটিসমূহে প্রশাসক, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং সকল উপ-কমিটির কার্যাবলী মনিটরিংসহ পরামর্শ প্রদান করবেন।

০২। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গৃহিত কর্মসূচির আলোকে ইউনিয়ন পর্যায়ে কর্মসূচি গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ প্রশাসক/চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

০৩। বাংলা বর্ণমালা সম্বলিত ফেস্টুন দ্বারা উপজেলার সড়কসমূহ সজ্জিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তপক্ষকে অনুরোধ করা হয়।

০৪। উপজেলা পর্যায়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গৃহিত কর্মসূচি এবং জাতীয় পতাকা বিধি সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারণার জন্য উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

০৫। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপনকালে জাতীয় পতাকা যথাযথভাবে পতাকা বিধি অনুসরণপূর্বক অর্ধনমিতভাবে উত্তোলন করা হচ্ছে কি-না তা তদারকির জন্য এ সংক্রান্ত গঠিত উপ-কমিটিসহ উপস্থিত অন্যান্য সকৰলকে অনুরোধ জানানো হয়।

০৬। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গৃহিত প্রতিটি কর্মসুচি বিস্তারিত কভারেজ দেয়ার জন্য নিজ উদ্যোগে প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণকে অনুরোধ করা হলো।

০৭। ২০.০২.২০২৫ তারিখ রাত্রি ১১.০০ টা হতে উপজেলা রোভার স্কাউটস ও স্কাউটস সদস্যদেরকে কেন্দ্রীয় শহিদ মিনারের শৃঙ্খলা রক্ষায় সহায়তা প্রদান এবং আইন-শৃঙ্খলা উপ-কমিটিকে এ ব্যাপারে সার্বিক সমন্বয়ের জন্য অনুরোধ করা হয়।

০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

০৯। স্বাস্থ্যবিধি প্রতিপালন ও জরুরি চিকিৎসায় কেন্দ্রীয় শহিদ মিনার এলাকায় একটি মেডিকেল টিম প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

১০। উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে নির্দেশিত ব্যবস্থা গ্রহণ করতে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অনুরোধ জানাতে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

১১। শহিদ মিনারে পর্যাপ্ত আলোর ব্যবস্থা, শহিদ মিনারসহ অন্যান্য অনুষ্ঠানস্থলে নির্ধারিত সময়ের পূর্বে আপারেটরসহ মাইকসেট সরবরাহ ও পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজারহাট, কুড়িগ্রামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় গৃহিত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে সরকারি দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারিসহ সকলকে উপজেলা পরিষদ সংলগ্ন কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণে ও দিবসের অন্যান্য কর্মসূচিতে আন্তরিক ও সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০২/২৫

(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন কমিটি
রাজারহাট, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৭.০০০.০৩.০২৬.২০২৫- ২০৩(১০০)

তারিখ : ৩০ মাঘ ১৪৩১ / ১৩ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২। প্রশাসক, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম।
৩। সহকারী কমিশনার (ভূমি), রাজারহাট, কুড়িগ্রাম।
৪। .... রাজারহাট, কুড়িগ্রাম।
৫। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অফিস কপি।

১৩/০২/২৫

উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম।